যুগান্তর
প্রিন্ট: ১৬ ফেব্রুয়ারি ২০২৬, ১২:০৬ পিএম

শিক্ষাঙ্গন

# ঢাবি শিক্ষক মোনামীকে হত্যার হুমকি, ফাঁস করলেন একাধিক স্ক্রিনশট

Advertisement

যুগান্তর ডেস্ক
প্রকাশ: ১৬ ফেব্রুয়ারি ২০২৬, ০৯:২১ এএম



শেহরীন আমিন ভূঁইয়া (মোনামী)। ছবি: ফেসবুক ওয়াল থেকে

বিভিন্ন মোবাইল নম্বর থেকে কল দিয়ে হত্যার হুমকি দেওয়া হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সহকারী প্রক্টর শেহরীন আমিন ভূঁইয়াকে (মোনামি)।

রোববার (১৫ ফেব্রুয়ারি) ফেসবুক পোস্টে এমন দাবি করেছেন তিনি। ফেসবুকে তিনি হুমকির অনেকগুলো স্ক্রিনশট শেয়ার করেছেন। যেখানে দেখা গেছে, বিভিন্ন অপরিচিত নম্বর থেকে তাকে ফোন করা হয়েছে।

নিজের ফেরিফায়েড ফেসবুক পেজে তিনি লিখেছেন, ১৩ ফেব্রুয়ারির পর থেকে আমি যে অসংখ্য মৃত্যুর হুমকির সম্মুখীন হচ্ছি, এটি তার মধ্যে একটি মাত্র।

বিএনপি চেয়ারম্যান তারেক রহমানকে মেনশন করে শেহরীন আমিন মোনামি বলেন, ‘প্রিয় তারেক রহমান। এটা কি আপনাদের নারীবান্ধব এবং নিরাপদ বাংলাদেশ?’

সবশেষে তিনি লেখেন, ‘সব মুসলমানকেই মৃত্যুর জন্য প্রস্তুত থাকা উচিত। আর আমি সেই ৩১ জুলাই ২০২৪ থেকেই প্রস্তুত আছি।’